# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com


স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-৭৫০; তারিখঃ ১২/০৬/২০২২ খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) অনুযায়ী প্রদত্ত সেবা প্রদানের পরিবীক্ষণ প্রতিবেদন প্রসঙ্গে।**

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ৪র্থ ত্রৈমাসিক সভায় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, "অত্র ২০২১-২২ অর্থবছরে সিটিজেন চার্টারে উল্লিখিত ০১টি নাগরিক সেবা (নতুন জনবল নিয়োগ) ও ০১টি প্রাতিষ্ঠানিক সেবা (বিভিন্ন সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষনে সহায়তা প্রদান) সম্পর্কিত দপ্তর সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করছে কি না তা পরিবীক্ষণ কমিটি কর্তৃক পরিবীক্ষন করতে হবে।" সেই অনুযায়ী বিগত ০৭ জুন, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত "নতুন জনবল নিয়োগ" শীর্ষক নাগরিক সেবা প্রদানে নিয়োজিত মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর এবং "বিভিন্ন সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষনে সহায়তা প্রদান" শীর্ষক প্রাতিষ্ঠানিক সেবা প্রদানে নিয়োজিত প্রশিক্ষণ পরিদপ্তরের কার্যক্রম পরিবীক্ষণ করা হয়েছে যা নিম্নরূপঃ

### ২.১) নাগরিক সেবা

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ৬. | নতুন জনবল নিয়োগ | ওয়েবসাইট (www.bwdb.gov.bd) ও পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে | নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কাগজপত্র সহকারে নির্ধারিত ফরমে আবেদন www.bwdb.gov.bd | নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ফি | ৬ মাস | তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর) মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর পানি ভবন, লেভেল-১, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫ ফোন: ০২২২২২৩০৩০৩ dir.staff@bwdb.gov.bd |

**পরিবীক্ষণ মন্তব্যঃ**

- জুলাই, ২০২১ খ্রিঃ হতে জুন, ২০২২ খ্রিঃ পর্যন্ত অর্থাৎ ২০২১-২২ অর্থবছরে ১ম শ্রেণীর কর্মকর্তা নিয়োগের নিমিত্ত সহকারী প্রকৌশলী (পুর) শ্রেণীগুচ্ছের ২২টি শূণ্য পদের বিপরীতে বিজ্ঞাপিত নিয়োগ প্রক্রিয়া বর্তমানে চলমান আছে। গত ০২-০৪-২২ খ্রিঃ তারিখে লিখিত পরীক্ষা গ্রহণ শেষে ০৬-০৬-২২ খ্রিঃ তারিখ হতে মৌখিক পরীক্ষা গ্রহণ শুরু হয়েছে। এছাড়া মেডিকেল অফিসার এর ০১টি শূণ্য পদের বিপরীতে বিজ্ঞাপিত নিয়োগ প্রক্রিয়া বর্তমানে চলমান আছে।
- ২য় শ্রেণীর কর্মকর্তা নিয়োগের নিমিত্ত উপ-সহকারী প্রকৌশলী(পুর) শ্রেণীগুচ্ছের ১৩৯টি শূণ্য পদের বিপরীতে নিয়োগ আদেশ গত ১৯-০৯-২০২১ খ্রিঃ তারিখে জারি করা হয়েছে। এছাড়া উক্ত শ্রেণীগুচ্ছের ৩১টি শূণ্য পদের বিপরীতে বিজ্ঞাপিত নিয়োগ প্রক্রিয়া বর্তমানে চলমান আছে।
- ৩য় শ্রেণীর কর্মচারী নিয়োগের নিমিত্ত হিসাব করণিক পদে ৯৬টি শূণ্য পদের বিপরীতে নিয়োগ আদেশ গত ২২-০২-২০২২ খ্রিঃ তারিখে জারি করা হয়েছে। এছাড়া ৩য় শ্রেণীর কর্মচারী নিয়োগের নিমিত্ত বিভিন্ন পদে ১৬৪টি শূণ্য পদের বিপরীতে বিজ্ঞাপিত নিয়োগ প্রক্রিয়া বর্তমানে চলমান আছে।

২.২) প্রাতিষ্ঠানিক সেবা

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১০. | বিভিন্ন সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষনে সহায়তা প্রদান | দাপ্তরিক আদেশ জারির মাধ্যমে | আবেদনের প্রেক্ষিতে পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সেবার ধরন ও ব্যাপ্তী অনুযায়ী বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতি মোতাবেক | ক্ষেত্রমতে ৭দিন হতে ৩মাস | পরিচালক<br>প্রশিক্ষণ পরিদপ্তর<br>পানিভবন, লেভেল ১,বাপাউবো, ঢাকা<br>ফোন০২২২২৩০০২৪<br>dtetrainingbwdb@gmail.com |

**পরিবীক্ষণ মন্তব্যঃ**

- জুলাই, ২০২১ খ্রিঃ হতে জুন, ২০২২ খ্রিঃ পর্যন্ত অর্থাৎ ২০২১-২২ অর্থবছরে বিভিন্ন সংস্থার সর্বমোট ১১ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ সহায়তা প্রদান করা হয়েছে। বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভাগ্যকূল, মুন্সিগঞ্জ কর্তৃক ১৫-০১-২০২২ খ্রিঃ হতে ১৩-০৪-২০২২ খ্রিঃ পর্যন্ত বাংলাদেশ অভ্যন্তরীন নৌ চলাচল কর্তৃপক্ষ (BIWTA) প্রতিষ্ঠানের ১১ জন কর্মকর্তা এ প্রশিক্ষণ সেবা গ্রহণ করেন।

(ড. মোঃ আবুল বাশার)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
প্রসেসিং পরিদপ্তর
বাপাউবো, ঢাকা
ও
সদস্য-সচিব
বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিঃ প্রধান প্রকৌশলী (পুর)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা
ও
আহ্বায়ক
বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

**বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ**

১. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)
৩. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৪. অফিস কপি/মাস্টার কপি।